

...

সভাপতি	মোঃ আজহারুল আমিন অতিরিক্ত পরিচালক
সভার তারিখ	২০/১২/২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্তি-০১ অনুযায়ী

অদ্য ২০/১২/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার কার্যবিবরণী

অদ্য ২০ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বিএলআরআই এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন এর সভাপতিত্বে এই ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে এপিএ মূল্যায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	মোহাম্মদ লুৎফুল হক	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ	পিএসও	স্বাক্ষরিত
০৩।	মোঃ আশরাফুল ইসলাম	নির্বাহী প্রকৌশলী	স্বাক্ষরিত
০৪।	মোঃ রেজাউল হাই রাকিব	এসএসও	স্বাক্ষরিত
০৫।	মোছাঃ মাহফুজা খাতুন	এসটিও	স্বাক্ষরিত
০৬।	মোঃ আল-মামুন	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত
০৭।	দেবজ্যোতি ঘোষ	তথ্য কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮।	মোঃ এনামুল হক খন্দকার	হিসারব রক্ষণ কর্মকর্তা (অ: দা:)	স্বাক্ষরিত


সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্য সূচি অনুযায়ী কমিটির সদস্য মোঃ রেজাউল হাই রাকিব, এসএসও ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ পরিকল্পনার বর্তমান অগ্রগতি সম্পর্কে সভাকে উপস্থাপন করেন। এপিএ পরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যাবলি সম্পন্ন করার নির্দেশনা দেন সভাপতি। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত বা সুপারিশসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আগামী ২০/১২/২০২১ খ্রিঃ নৈতিকতা কমিটির একটি সভা আহ্বানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা

০২	দ্রুততম সময়ের মধ্যে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের সাথে একটি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	টিপিটিডি
০৩	এসএসও (গবেষণা খামার) ও এসটিওকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে বিএলআরআই এর বিদ্যমান এপিএ কমিটি পুনর্গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা
০৪	ডিসেম্বর, ২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে ০২ টি পিআইসি মিটিং আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	টিপিটিডি
০৫	ডিসেম্বর, ২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে ইনস্টিটিউটের কর্মচারীদের অংশগ্রহণে ০১ টি শুদ্ধাচার প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	টিপিটিডি
০৬	ডিসেম্বর, ২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	টিপিটিডি
০৭	ঘাসের কাটিং, হ্যাচিং ডিম, মুরগী, পাঠা বাছুর বিতরণের তথ্যসমূহ দাপ্তরিক রেজিস্টার খাতায় সংরক্ষণের নিমিত্তে একটি অফিস আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা

আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আজহারুল আমিন
অতিরিক্ত পরিচালক


স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৭.০৬.০০১.১৮.৭৭

তারিখ: ৫ পৌষ ১৪২৮

২০ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) তথ্য কর্মকর্তা, প্রকাশনা ও জনসংযোগ শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) পিএ, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান